

- ৭ -
ঢাকা ওয়াসা

বিষয়ঃ- ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে চলমান “বুনিয়াদি প্রশিক্ষণ” (১৮/০১/২৬ - ১৭/০২/২০২৬) কোর্সে ১৯/০১/২০২৬ তারিখে যোগদানকৃত ০১ জন রাজস্ব কর্মকর্তা ও ০১ জন গবেষণা সহকারীর মনোনয়ন এবং অংশগ্রহণ বাবদ খরচ ভূতাপেক্ষ অনুমোদন প্রসঙ্গে।

১২। নোটানুচ্ছেদ ৯-১১ সদয় দেখা যেতে পারে। বিবেচ্য বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে সম্প্রতি বিভিন্ন পদে নিয়োগপ্রাপ্ত ১৯ জন কর্মকর্তা/কর্মচারীদের ১৯ কর্মদিবস মেয়াদী “বুনিয়াদি প্রশিক্ষণ” কোর্স, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ১৮/০১/২০২৬ তারিখ হতে চলমান আছে। বিগত ১৯/০১/২০২৬ তারিখে অপেক্ষমান তালিকা হতে ঢাকা ওয়াসায় আরও ০১ জন রাজস্ব কর্মকর্তা ও ০১ জন গবেষণা সহকারী নিয়োগ প্রদান করা হয়েছে (পত্র ক্রমিক নং-২৩)। নবনিযুক্ত ০১ জন রাজস্ব কর্মকর্তা ও ০১ জন গবেষণা সহকারীকে চলমান (১৮/০১/২৬ - ১৭/০২/২০২৬) “বুনিয়াদি প্রশিক্ষণ” কোর্সে অন্তর্ভুক্ত করার জন্য উপ সচিব, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা, পত্র মারফত অনুরোধ জানিয়েছেন। তদপ্রেক্ষিতে, নবনিযুক্ত ০১ জন রাজস্ব কর্মকর্তা ও ০১ জন গবেষণা সহকারী ১৯/০১/২০২৬ তারিখ হতে চলমান “বুনিয়াদি প্রশিক্ষণ” কোর্সে অংশগ্রহণ করছেন এবং তাঁরা ১৮ (আঠার) দিন উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ পাবেন।

১৩। ১৯/০১/২০২৬ তারিখে যোগদানকৃত ০১ জন রাজস্ব কর্মকর্তা ও ০১ জন গবেষণা সহকারীর “বুনিয়াদি প্রশিক্ষণ” কোর্সে অংশগ্রহণ বাবদ সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) প্রশিক্ষণার্থীদের ভাতা	২৫,২০০/-	(১ জন ৮০০/- হারে+ ১ জন ৬০০/- হারে)× ১৮ দিন)
(খ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	২০,৮৮০/-	(২ জন ৫৮০/- টাকা হারে)× ১৮ দিন
(গ) ব্যাগ, নোটবুক ও কলম	২,৬০০/-	(২ সেট ১,৩০০/- টাকা হারে)
সর্বমোট	=৪৮,৬৮০/-	(কথায়ঃ টাকা আটচল্লিশ হাজার ছয়শত আশি মাত্র)

১৪। এমতাবস্থায়, ১৮/০১/২০২৬ তারিখ হতে চলমান “বুনিয়াদি প্রশিক্ষণ” প্রশিক্ষণে নবনিযুক্ত ০১ জন রাজস্ব কর্মকর্তা ও ০১ জন গবেষণা সহকারীর ১৯/০১/২০২৬ তারিখ হতে অংশগ্রহণের মনোনয়ন, অংশগ্রহণ বাবদ ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৪৮,৬৮০/- (আটচল্লিশ হাজার ছয়শত আশি মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার ভূতাপেক্ষ অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।

২৬/০১/২০২৬
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

২৬/০১/২০২৬
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

২৬/০১/২০২৬
DMD (HR & Admin) Sir
মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

২৭/০১/২০২৬
DMD (HR & Admin)
মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

২৬/০১/২০২৬
ব্যবস্থাপনা পরিচালক
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২৬/০১/২০২৬
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

৩৭/প্রক
২৬/০১/২৬

প্রশিক্ষণ কেন্দ্র
ঢাকা ওয়াসা